# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয়ঃ আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।
www. sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com


## উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা-২০২৬
## ভারপ্রাপ্ত কর্মকর্তা ও পরীক্ষা সংশ্লিষ্ট সকলের জন্য জরুরী নির্দেশনা

১। সিলেট শিক্ষা বোর্ড কর্তৃক সরবরাহকৃত এইচএসসি পরীক্ষা-২০২৬ এর পরিচালনা সংক্রান্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণ ও বাস্তবায়ন করতে হবে।

২। নিয়মিত (সেশন- ২০২৪-২০২৫) পরীক্ষার্থীরা ২০২৬ সালের জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক অনুমোদিত এইচএসসি পরীক্ষার পূর্ণাঙ্গ সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৩। অনিয়মিত/মানোন্নয়ন (সেশন- ২০২৩-২০২৪ বা তৎপূর্বের) পরীক্ষার্থীরা ২০২৫ সালের জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক অনুমোদিত এইচএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৪। পরীক্ষা কেন্দ্রের চারপাশে ২০০ গজ বেষ্টনীর মধ্যে পরীক্ষার সাথে সংশ্লিষ্ট নয় এমন ব্যক্তি/ব্যক্তিদের চলাচল নিষিদ্ধ করার জন্য ১৪৪ ধারা কঠোরভাবে বলবৎ নিশ্চিত করতে হবে। কোন কারণে আইন শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটলে তাৎক্ষণিকভাবে স্থানীয় প্রশাসন এবং শিক্ষা বোর্ডকে অবহিত করতে হবে।

৫। <u>পরীক্ষা কেন্দ্রে প্রবেশ এবং পরীক্ষা কার্যক্রম সংক্রান্ত সময়সূচি</u>ঃ

(ক) পরীক্ষা কেন্দ্রে প্রবেশের আগেই কেন্দ্র/ভেন্যুর গেইটে পরীক্ষার্থীদের দেহ ভালোভাবে তল্লাশী করে প্রবেশ করাতে হবে। তবে তল্লাশীর সময় অবশ্যই সতর্কতা অবলম্বন করতে হবে যাতে কোন পরীক্ষার্থী বিব্রতকর অবস্থায় না পড়ে। ছাত্রীদের তল্লাশীর ক্ষেত্রে অবশ্যই মহিলা দ্বারা তল্লাশীর ব্যবস্থা করতে হবে।

(খ) প্রত্যেক পরীক্ষার্থীকে পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে বাধ্যতামূলকভাবে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। অনিবার্য কারণে কোন পরীক্ষার্থী নির্ধারিত সময়ের পর পরীক্ষা কেন্দ্রে আসলে একটি আলাদা রেজিষ্ট্রারে পরীক্ষার্থীর নাম, রোল নম্বর ও বিলম্বের কারণ উল্লেখ করতে হবে।

(গ) পরীক্ষার সময় ০৩ ঘন্টা।

*MCQ এবং CQ উভয় অংশের পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।

(ক) <u>সকাল ১০.০০টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে</u>

সকাল ০৯.৪০ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শীট বিতরণ।
সকাল ১০.০০ টা বহুনির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র বিতরণ
সকাল ১০.৩০ মি. বহুনির্বাচনি উত্তরপত্র অর্থাৎ OMR শীট সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ। (ব্যবহারিকযুক্ত বিষয়ের ক্ষেত্রে এ সময় ১০.২৫মি. পর্যন্ত।)

(খ) <u>দুপুর ০২.০০টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে</u>

দুপুর ০১.৪০ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি অর্থাৎ OMR শীট বিতরণ।
দুপুর ০২.০০ টা বহুনির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র বিতরণ
দুপুর ০২.৩০ মি. বহুনির্বাচনি উত্তরপত্র অর্থাৎ OMR শীট সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ। (ব্যবহারিকযুক্ত বিষয়ের ক্ষেত্রে এ সময় ০২.২৫মি. পর্যন্ত।)

৬। প্রশ্নপত্রের ২ সেট করে সৃজনশীল (CQ) এবং বহুনির্বাচনী (MCQ) সেট, পরীক্ষার তারিখ অনুসারে সেট ভিত্তিক আলাদা করে Security খামে প্যাকেট করতে হবে।

৭। ট্রেজারী/থানা/ব্যাংক থেকে প্রশ্নপত্র কেন্দ্রে পৌছানোর জন্য প্রয়োজনীয় সময় নির্ধারণ উপর্যুক্ত নিরাপত্তা নিশ্চিত করে প্রশ্নপত্র আনতে হবে।

৮। ট্রেজারী/থানা/ব্যাংক হতে পরীক্ষার কেন্দ্রে নৈর্ব্যক্তিক প্রশ্নপত্রসহ সৃজনশীল প্রশ্নপত্রের সকল সেট নিতে হবে। ট্যাগ অফিসার ট্রেজারি/থানা হেফাজত হতে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/আহবায়কসহ পরীক্ষার সময়সূচি মোতাবেক ঐদিনের সকল সেটের প্রশ্ন বের করে পুলিশ প্রহরায় কেন্দ্রে নিয়ে যাবেন।

৯। ট্রেজারী/থানা/ব্যাংক হতে প্রশ্নপত্র গ্রহণ ও পরিবহন কাজে নিয়োজিত কর্মকর্তা-শিক্ষক-কর্মচারীগণ কোন মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না এবং প্রশ্নপত্র বহন কাজে কালো কাঁচযুক্ত যানবাহন ব্যবহার করা যাবে না।

১০। (ক) জেলা ট্রেজারী/থানা লকারে রক্ষিত প্রশ্নপত্র পরীক্ষা শুরুর ০৩ (তিন) দিন পূর্বে তারিখ অনুযায়ী ও সেট ভিত্তিক সর্টিং করে সরবরাহকৃত মাস্টার সিকিউরিটি খামে সংরক্ষণ করতে হবে। এক্ষেত্রে প্রশ্নপত্রের ঘাটতি থাকলে তা জরুরী ভিত্তিতে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে। জেলা ট্রেজারীতে ট্রেজারী অফিসার এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তা, অনিবার্য কারণে উপজেলা নির্বাহী কর্মকর্তা উপস্থিত থাকতে না পারলে তাঁর প্রতিনিধি হিসেবে সহকারী

কমিশনার (ভূমি) অথবা একজন নির্বাহী ম্যাজিস্ট্রেট এর উপস্থিতিতে সর্টিং এর কার্যক্রম পরিচালিত হবে। সর্টিং এর সময় ভারপ্রাপ্ত কর্মকর্তা অবশ্যই উপস্থিত থাকবেন। সিকিউরিটি খামের নির্ধারিত স্থানে সর্টিং এর সাথে সংশ্লিষ্ট সকলকে নাম, পদবী, মোবাইল নম্বর লিখে স্বাক্ষর করতে হবে।

(খ) মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্রসহ সকল কাগজ পত্র বোর্ড থেকে গ্রহণের পরদিনই পরীক্ষার্থী অনুযায়ী পর্যাপ্ত কি-না তা যাচাই করে দেখতে হবে। কোন কিছু কম পাওয়া গেলে তা গ্রহণের ০৩(তিন) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর জনাতে হবে।

১১। নির্ধারিত সময়সূচি অনুযায়ী জেলা/উপজেলা প্রশাসনের মাধ্যমে প্রাপ্ত সেটের প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ করতে হবে। প্রতি পরীক্ষার দিন সকালে শিক্ষা বোর্ড থেকে জেলা/উপজেলা প্রশাসনের মাধ্যমে প্রশ্নপত্র ব্যবহার সম্পর্কিত সেট কোড পরীক্ষা শুরুর ২৫ মিনিট পূর্বে জানানো হবে। সে অনুযায়ী নির্ধারিত সেট কোডে পরীক্ষা গ্রহণ করতে হবে। কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ট্যাগ অফিসার), ভারপ্রাপ্ত কর্মকর্তা ও পুলিশ কর্মকর্তার উপস্থিতিতে ও স্বাক্ষরে বিধি অনুযায়ী প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে।

১২। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে কোন অবস্থাতেই OMR- এর ১ম অংশ ছেঁড়া বা আলাদা করা যাবে না।

১৩। ত্রুটিপূর্ণ উত্তরপত্র কোনভাবেই পরীক্ষার্থীদের নিকট সরবরাহ করা যাবে না।

১৪। পরীক্ষার দিন প্রশ্নপত্র গ্রহণ, পরিবহন ও কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার কক্ষে প্যাকেট খোলাসহ সকল কাজের সাথে ট্যাগ অফিসারের সংশ্লিষ্টতা থাকতে হবে। ট্যাগ অফিসারের যাতায়াত ও সম্মানী কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা কেন্দ্র ফি থেকে ব্যবস্থা করবেন।

১৫। প্রত্যেক পরীক্ষার দিন হাজিরা শীটে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে। কোন পরীক্ষার্থী অনুপস্থিত থাকলে নির্দিষ্ট তারিখ ও বিষয় লাল কালি দ্বারা অনুপস্থিত লিখে দিতে হবে।

১৬। <u>কেন্দ্র প্রতিষ্ঠানের পরীক্ষার্থীর আসন বিন্যাস</u> ঃ
কেন্দ্রের নিজস্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীরা নিজ প্রতিষ্ঠানে পরীক্ষা দিতে পারবেনা। কেন্দ্র প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের পরীক্ষা মূল কেন্দ্রের ক্যাম্পাসের বাইরে নিকটবর্তী কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে কেন্দ্র প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের সাথে অন্য দু'একটি প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের সমন্বয়ে আসন বিন্যাস করতে হবে।

১৭। <u>পরীক্ষা কক্ষে আসন বিন্যাস ও কক্ষ পর্যবেক্ষণ</u> ঃ
(ক) কোন প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের কক্ষে সে প্রতিষ্ঠানের শিক্ষকদেরকে কোনভাবেই কক্ষ প্রত্যবেক্ষক হিসেবে নিয়োগ দেয়া যাবে না। যে সকল কেন্দ্রে কোন শিক্ষক ও কর্মচারীর ছেলে/মেয়ে/পোষ্য এইচএসসি পরীক্ষা-২০২৬ এ অংশগ্রহণ করবে সে সকল কেন্দ্রে সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারী কোন অবস্থাতেই কক্ষ প্রত্যবেক্ষক/পরীক্ষা সংক্রান্ত কোন দায়িত্ব পালন করতে পারবেন না।
(খ) প্রতি ৫/৬ ফুট দৈর্ঘ্যের বেঞ্চে দুইজন অথবা ৪/৩ ফুট দৈর্ঘ্যের বেঞ্চে একজন পরীক্ষার্থীর আসন ব্যবস্থা করতে হবে।

১৮। <u>মোবাইল ফোন, ক্যালকুলেটর ও সংরক্ষিত প্রশ্নপত্র</u> ঃ
(ক) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ছাড়া অন্য কোন ব্যক্তি/পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে এবং ব্যবহার করতে পারবেন না। ভারপ্রাপ্ত কর্মকর্তা শুধুমাত্র ফিচার ফোন (স্মার্টফোন ব্যতিত) ব্যবহার করতে পারবেন ।
(খ) পরীক্ষার্থীরা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ক্যালকুলেটর ব্যতীত অন্য কোন প্রকার ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে না।
(গ) সুরক্ষিত ও সংরক্ষিত স্থান থেকে প্রশ্নপত্র গ্রহণের সময় নির্দিষ্ট দিন ও তারিখ অনুযায়ী ঐ দিনের প্রশ্নপত্র (নৈর্ব্যক্তিক, সৃজনশীল প্রশ্নপত্রের-২ ও ৪ নং সেট) যথাসময় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে যাচাই-বাছাই করে রেজিষ্ট্রারে লিখে গ্রহণ করতে হবে, যাতে ভুলক্রমে ভিন্ন বিষয় ও সেট খোলা বা ব্যবহৃত না হয়। কোনভাবে গোপনীয় কাগজপত্রের নিরাপত্তা বিঘ্নিত হলে তার দায় সংশ্লিষ্ট সকলকে বহন করতে হবে।

১৯। <u>প্রতিবন্ধী, বিশেষ চাহিদাসম্পন্ন ও ইংরেজী ভার্সনের পরীক্ষার্থী সংক্রান্ত</u> ঃ
(ক) প্রতিবন্ধী ও বিশেষ চাহিদাসম্পন্ন পরীক্ষার্থীরা তাদের প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে প্রয়োজনীয় সনদসহ পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে আবেদন করলে বিধি মোতাবেক সময় সুবিধা পাবে। এক্ষেত্রে কেন্দ্র কর্তৃপক্ষকে তাদের লিখিত উত্তরপত্রগুলো হাতে হাতে/আলাদা প্যাকেট করে বোর্ডে জমা দিতে হবে এবং প্যাকেটের গায়ে "বিশেষ চাহিদা সম্পন্ন পরীক্ষার্থী" কথাটি উল্লেখ করতে হবে।
(খ) ইংরেজী ভার্সনে রেজিষ্ট্রেশনকৃত পরীক্ষার্থীদের অবশ্যই ইংরেজী ভার্সনের প্রশ্নপত্রে পরীক্ষা দিতে হবে। ইংরেজী ভার্সনের পরীক্ষার্থীদের উত্তরপত্র অবশ্যই আলাদা প্যাকেটে বোর্ডে প্রেরণ করতে হবে।

২০। নতুন ও পুরাতন সিলেবাস অনুসারে ৫০ টি করে উত্তরপত্র করোগেটেড শীটে প্যাকেট করতে হবে। কোন অবস্থাতেই নতুন এবং পুরাতন সিলেবাসের উত্তরপত্র একত্রে প্যাকেট করা যাবে না।

২১। <u>একই দিনে একাধিক বিষয়ের পরীক্ষা থাকলে উত্তরপত্রের বান্ডেল লেভেল লাগানোর ক্ষেত্রে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে যেন কোন অবস্থাতেই এক বিষয়ের বান্ডেল লেভেল অন্য বিষয়ের প্যাকেটে লাগানো না হয়।</u>

২২। পরীক্ষা চলাকালীন প্রতিষ্ঠানের সকল প্রকার শ্রেণী কার্যক্রম বন্ধ রাখতে হবে তবে পরীক্ষা শেষ হওয়ার পর এবং সময়সূচিতে যেদিন পরীক্ষা নেই সেদিন নিয়মিত শ্রেণী কার্যক্রম চালু রাখা যাবে।

CamScanner

২৩। পরীক্ষা শুরুর পরপরই কেন্দ্রের বাথরুমসহ অন্যান্য গোপনীয় স্থানে তল্লাশী করতে হবে এবং কোন ধরণের নকল বা লিখিত কাগজ পাওয়া গেলে তা পুড়িয়ে ফেলতে হবে।

২৪। সকল কেন্দ্রে সিসিটিভি ক্যামেরা স্থাপন করতে হবে এবং ক্যামেরার মডেল, ডিভাইস সিরিয়াল নম্বর, পাসওয়ার্ড এবং আইডি বোর্ডের নির্দেশনা মোতাবেক পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে প্রেরণ করতে হবে।

২৫। পরীক্ষার্থীরা কাঁটাযুক্ত ঘড়ি ব্যতীত অন্য প্রকার কোন ঘড়ি নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।

২৬। দৈনিক পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে সৃজনশীল উত্তরপত্র ও OMR এর বান্ডিল বোর্ড নির্দেশিত নিয়ম অনুসরণ করে যথাযথভাবে প্যাকেট করে ঐ দিনই শিক্ষা বোর্ডে হাতে হাতে প্রেরণ নিশ্চিত করতে হবে। দূরবর্তী কেন্দ্রসমূহকে মূল উত্তরপত্র, OMR এর প্রথম অংশ এবং নৈর্ব্যক্তিক OMR যথাযথভাবে ডাকযোগে প্রেরণ করতে হবে।

২৭। পরীক্ষা পরিচালনায় সমস্যার সম্মুখীন হলে নিম্নস্বাক্ষরকারীর সাথে সরাসরি অথবা পরীক্ষা নিয়ন্ত্রণকক্ষে টেলিফোনে যোগাযোগ করতে হবে। পরীক্ষা আরম্ভের দিন থেকে পরীক্ষার শেষ দিন পর্যন্ত প্রতিদিন সকাল ৯.০০ টা থেকে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার সাথে টেলিফোন নং- ০২৯৯৬৬৪৩৪৩৫ এ যোগাযোগ করা যাবে। দৈনন্দিন পরীক্ষা সংক্রান্ত তথ্য (উপস্থিত, অনুপস্থিত ও বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা) পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কন্ট্রোল রুমে এবং বোর্ডের ওয়েবসাইট এ দ্রুত প্রেরণ করতে হবে।

২৮। উত্তরপত্র জমা না দিয়ে হল ত্যাগ করার কোন ঘটনা ঘটলে কক্ষ প্রত্যবেক্ষক তাৎক্ষণিক বিষয়টি লিখিতভাবে ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করবেন এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা অনতিবিলম্বে স্থানীয় থানায় বিষয়টি সম্পর্কে সাধারণ ডায়রী করবেন এবং সাধারণ ডায়রীর কপিসহ সেদিনই বিশেষ বাহক মারফত পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট একটি প্রতিবেদন পাঠাবেন।

২৯। ব্যবহারিক পরীক্ষা পূর্বের ন্যায় মূল কেন্দ্রে অনুষ্ঠিত হবে। বোর্ড কর্তৃপক্ষ অভ্যঃ ও বহিঃ পরীক্ষক নিয়োগ প্রদান করবে।

৩০। বহিষ্কৃত পরীক্ষার্থীদের উত্তরপত্র পৃথকভাবে সাদা কাপড় দিয়ে প্যাকেট করে 'বহিষ্কৃত' কথাটি লিখে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট হাতে হাতে জমা/দূরবর্তী কেন্দ্রের ক্ষেত্রে আলাদা প্যাকেট করে ডাকযোগে প্রেরণ করতে হবে। কোনক্রমেই অন্যান্য উত্তরপত্রের প্যাকেটের সাথে বা অন্য কারো কাছে জমা দেয়া যাবে না।

৩১। পরীক্ষা পরিচালনার নির্দেশাবলীসহ বোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত সকল প্রকার চিঠিপত্র গুরুত্ব সহকারে পড়তে হবে এবং সঠিকভাবে অনুসরণপূর্বক যথাসময়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। Mobile Number এ প্রাপ্ত SMS অনুসরণ করে পরীক্ষা পরিচালনা করতে হবে।

৩২। ঝড় বৃষ্টির সময়ে আলোর অভাবে পরীক্ষার হলে যাতে পরীক্ষার্থীদের কোন রকম অসুবিধা সৃষ্টি না হয় সেজন্য পরীক্ষা শুরুর আগেই সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে প্রয়োজনীয় সংখ্যক Backup বাল্ব/চার্জার লাইট/মোমবাতি ইত্যাদির ব্যবস্থা রাখতে হবে।

৩৩। কোন বৈধ পরীক্ষার্থীর প্রবেশপত্র ইস্যু না হলে ফরম পূরণের যাবতীয় কাগজপত্রসহ নিম্নস্বাক্ষরকারী বরাবর দ্রুততম সময়ে আবেদন দাখিল করতে হবে।

৩৪। আসন্ন এইচএসসি ও সমমান পরীক্ষা- ২০২৬ সুষ্ঠু, সুন্দর ও প্রশ্ন ফাঁসের গুজবমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষা চলাকালীন সকল কোচিং সেন্টার বন্ধ থাকবে। ঐ সময়ে কোন কোচিং সেন্টার খোলা রাখার তথ্য পাওয়া গেলে পুলিশ ও স্থানীয় প্রশাসন কে অবহিত করতে হবে।

৩৫। সর্বোপরি শিক্ষা মন্ত্রণালয়/শিক্ষা বোর্ড/সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের জারিকৃত সকল আদেশ/নির্দেশ যথাযথভাবে অনুসরণপূর্বক পরীক্ষা গ্রহণ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৭.০৬.২০২৬

(প্রফেসর বিলকিস ইয়াছমীন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৩৪৩৫, মোবা: ০১৭১২৫৪৫৭৭৮

CamScanner